পদক্ষেপ
মানবিক উন্নয়ন কেন্দ্র

Since-1986

প্রধান কার্যালয়: বাড়ী নং-৫৪৮, রোড নং-১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

ফোনঃ ৫৮১৫১১২৬, ৯১২৮৮২৪, ০১৭৭৭৭৯১১২২, E-mail: pmuk@padakhep.org, info@padakhep.org, web: www.padakhep.org

স্মারক নং ঃ পদ/পক/এইচ.আর এন্ড এডমিন/২০১৯/৩২৮৮

তারিখ ঃ ০৮/০৯/২০১৯ খ্রিস্টাব্দ

অফিস সার্কুলার

বিষয় ঃ সংস্থার মাঠ পর্যায়ের ব্রাঞ্চ অফিসার (হিসাব) / ব্রাঞ্চ অফিসার (লোন), ব্রাঞ্চ ম্যানেজার, এরিয়া ম্যানেজার এবং জোনাল ম্যানেজার পদে পদোন্নতি / মূল্যায়ন কার্য সম্পাদনের ক্ষেত্রে পদবী ভিত্তিক প্রার্থী বাছাইয়ের প্রাথমিক মাপকাঠি, পদোন্নতি পরীক্ষা পদ্ধতি, পরীক্ষার নম্বর বন্টন পদ্ধতি, পাশ নম্বর নির্ধারণ, পদোন্নতি প্যানেল গঠন, প্যানেলের শর্তাবলী প্রভৃতি পর্যালোচনা পূর্বক পুন: নির্ধারণ করা হয়েছে যা সংশ্লিষ্ট সকলের অবগতি ও যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করণের জন্য নির্দেশনা প্রদান প্রসঙ্গে।

ক. গত ১৪/০৩/২০১৯ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত ৮১তম মাসিক পারফরমেন্স এন্ড প্রোডাকটিভিটি পর্যালোচনা সভায় গৃহিত সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে সংস্থার প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের বিভিন্ন পদের পদোন্নতি / মূল্যায়ন কার্য সম্পাদনের ক্ষেত্রে বর্তমানে প্রচলিত / অনুমোদিত পদবী ভিত্তিক প্রার্থী বাছাইয়ের প্রাথমিক মাপকাঠি, পদোন্নতি কমিটি, কমিটির কর্মপরিধি, পদোন্নতি পরীক্ষা পদ্ধতি, নম্বর বন্টন পদ্ধতি প্রভৃতি পর্যালোচনা পূর্বক পুন: নির্ধারণ / চূড়ান্ত করার লক্ষ্যে এতদ্ সংশ্লিষ্ট সকলের উপস্থিতিতে ১৬/০৪/২০১৯ খ্রিস্টাব্দ তারিখে একটি বিশেষ সভা অনুষ্ঠিত হয়েছে।

খ. সভায় মাঠ পর্যায়ের ব্রাঞ্চ অফিসার (হিসাব) / ব্রাঞ্চ অফিসার (লোন) থেকে জোনাল ম্যানেজার পর্যন্ত ৪টি পদে পদোন্নতির ক্ষেত্রে প্রার্থী বাছাইয়ের প্রাথমিক মাপকাঠি, পদোন্নতি কমিটি ও কমিটির সদস্যদের কর্মপরিধি, পদোন্নতি পরীক্ষা পদ্ধতি, পরীক্ষার নম্বর বন্টন পদ্ধতি ও পাশ নম্বর নির্ধারণ এবং অন্যান্য বিষয়ে প্রয়োজনীয় সকল সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। প্রধান কার্যালয় এবং জোন অফিস স্টাফদের পদোন্নতি / মূল্যায়ন কার্য পদ্ধতি সংস্থার উর্ধ্বতন ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারণ করা হবে বিবেচনায় এ বিষয়ে কোন প্রকার আলোচনা বা সিদ্ধান্ত গ্রহণ করা হয়নি।

গ. পদোন্নতি পরীক্ষার জন্য প্রার্থী বাছাইয়ের প্রাথমিক মাপকাঠি বিষয়ক সিদ্ধান্তঃ-

সভার সিদ্ধান্ত অনুযায়ী এখন থেকে ব্রাঞ্চ অফিসার (হিসাব) / ব্রাঞ্চ অফিসার (লোন), ব্রাঞ্চ ম্যাজোর, এরিয়া ম্যানেজার ও জোনাল ম্যানেজার পদে পদোন্নতি পরীক্ষার জন্য প্রাথমিক প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রে নিম্নে উল্লেখিত মাপকাঠি সমূহ অনুসরণ করা হবে।

গ.১ ব্রাঞ্চ অফিসার (হিসাব) / ব্রাঞ্চ অফিসার (লোন) পদে পদোন্নতি পরীক্ষার জন্য প্রার্থী বাছাইয়ের প্রাথমিক মাপকাঠি

গ.১.১ প্রধান কার্যালয় থেকে অনুমোদনপ্রাপ্ত সকল **ব্রাঞ্চ অফিসার (হিসাব) ইনচার্জ** গণ (ইনচার্জ হিসবে কর্মকাল যা'ই হোক না কেন) পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

গ.১.২ **স্নাতক / স্নাতকোত্তর বা এর সমমান ডিগ্রীধারীদের** বেলায় সংস্থায় কমিউনিটি ম্যানেজার পদে কর্মকাল ন্যূনতম ২ (দুই) বছর পূর্ণ হওয়া সাপেক্ষে পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

গ.১.৩ **এইচ. এস. সি বা এর সমমান ডিগ্রীধারীদের** বেলায় সংস্থায় কমিউনিটি ম্যানেজার পদে কর্মকাল ন্যূনতম ৩ (তিন) বছর পূর্ণ হওয়া সাপেক্ষে পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

গ.১.৪ আর্থিক অনিয়ম/অফিস শৃংখলা ভঙ্গ/আচরণগত সমস্যা বিষয়ক কোন অভিযোগ নাই এমন কর্মী। বিশেষ করে নিজে সরাসরি আর্থিক অনিয়মের সাথে সম্পৃক্ত নন এমন কর্মী হতে হবে।

গ.১.৫ অভিযোগ চলমান অবস্থায় কোন কর্মীকে পদোন্নতি পরীক্ষায় ডাকা যেতে পারে, এক্ষেত্রে পরীক্ষায় উত্তীর্ণ হলেও অভিযোগের ভিত্তিতে বরখাস্ত/ বাধ্যতামূলক অব্যাহতি/ শাস্তিমূলক বদলী প্রযোজ্যদের বেলায় পদোন্নতি কার্যকর করা হবে না মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। তবে শাস্তিমূলক বদলীর মেয়াদ (ন্যূনতম এক বছর) পার হবার পরও যদি কোন কর্মীর পদোন্নতি প্যানেল চলমান থাকে সেক্ষেত্রে তার শাস্তিমূলক বদলীর অন্যান্য শর্ত / শর্তাবলী (যদি থাকে) পরিপূরণ সাপেক্ষে তার পদোন্নতির বিষয়টি বিবেচনা করা হতে পারে।

গ.২ ব্রাঞ্চ ম্যানেজার পদে পদোন্নতি পরীক্ষার জন্য প্রার্থী বাছাইয়ের প্রাথমিক মাপকাঠি

গ.২.১ প্রধান কার্যালয় থেকে অনুমোদনপ্রাপ্ত সকল **ব্রাঞ্চ ম্যানেজার ইনচার্জ** গণ (ইনচার্জ হিসবে কর্মকাল যা'ই হোক না কেন) পরবর্তী পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

গ.২.২ **স্নাতক / স্নাতকোত্তর বা এর সমমান ডিগ্রীধারীদের** বেলায় সংস্থায় ব্রাঞ্চ অফিসার (হিসাব) / ব্রাঞ্চ অফিসার (লোন) পদে কর্মকাল ন্যূনতম ২ (দুই) বছর পূর্ণ হওয়া সাপেক্ষে পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

গ.২.৩ **এইচ. এস. সি বা এর সমমান ডিগ্রীধারীদের** বেলায় সংস্থায় ব্রাঞ্চ অফিসার (হিসাব) / ব্রাঞ্চ অফিসার (লোন) পদে কর্মকাল ন্যূনতম ৩ (তিন) বছর পূর্ণ হওয়া সাপেক্ষে পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

গ.২.৪ আর্থিক অনিয়ম/অফিস শৃংখলা ভঙ্গ/আচরণগত সমস্যা বিষয়ক কোন অভিযোগ নাই এমন কর্মী। বিশেষ করে নিজে সরাসরি আর্থিক অনিয়মের সাথে সম্পৃক্ত নন এমন কর্মী হতে হবে।

গ.২.৫ অভিযোগ চলমান অবস্থায় কোন কর্মীকে পদোন্নতি পরীক্ষায় ডাকা যেতে পারে, এক্ষেত্রে পরীক্ষায় উত্তীর্ণ হলেও অভিযোগের ভিত্তিতে বরখাস্ত/ বাধ্যতামূলক অব্যাহতি/ শাস্তিমূলক বদলী প্রযোজ্যদের বেলায় পদোন্নতি কার্যকর করা হবে না মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। তবে শাস্তিমূলক বদলীর মেয়াদ (ন্যূনতম এক বছর) পার হবার পরও যদি কোন কর্মীর পদোন্নতি প্যানেল চলমান থাকে সেক্ষেত্রে তার শাস্তিমূলক বদলীর অন্যান্য শর্ত / শর্তাবলী (যদি থাকে) পরিপূরণ সাপেক্ষে তার পদোন্নতির বিষয়টি বিবেচনা করা হতে পারে।

গ.৩ এরিয়া ম্যানেজার পদে পদোন্নতি পরীক্ষার জন্য প্রার্থী বাছাইয়ের প্রাথমিক মাপকাঠি

গ.৩.১ প্রধান কার্যালয় থেকে অনুমোদনপ্রাপ্ত সকল **এরিয়া ম্যানেজার ইনচার্জ** গণ (ইনচার্জ হিসবে কর্মকাল যা'ই হোক না কেন) পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

গ.৩.২ **স্নাতক / স্নাতকোত্তর বা এর সমমান ডিগ্রীধারীদের** বেলায় সংস্থায় ব্রাঞ্চ ম্যানেজার পদে কর্মকাল ন্যূনতম ৩ (তিন) বছর পূর্তিসহ ক্ষুদ্রঋণ ও সঞ্চয় কার্যক্রমের আওতায় ন্যূনতম ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

গ.৩.৩ **এইচ. এস. সি বা এর সমমান ডিগ্রীধারীদের** বেলায় সংস্থায় ব্রাঞ্চ ম্যানেজার পদে কর্মকাল ন্যূনতম ৫ (পাঁচ) বছর পূর্তিসহ সংস্থায় মোট কর্মকাল ১২ (বার) বছর পূর্ণ হওয়া সাপেক্ষে পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

গ.৩.৪ অন্য সংস্থা হতে **আগত (স্নাতক/ স্নাতকোত্তর পাশ) ব্রাঞ্চ ম্যানেজার** দের অত্র সংস্থায় চাকুরীর বয়স ন্যূনতম ২ (দুই) বছর পূর্তিসহ অন্য কোন সংস্থায় (পদক্ষেপ এর সমমানের) ২ (দুই) বছর ব্রাঞ্চ ম্যানেজার হিসেবে কাজের অভিজ্ঞতাসহ ক্ষুদ্রঋণ ও সঞ্চয় কার্যক্রমের আওতায় ন্যূনতম ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। তবে এক্ষেত্রে অন্য সংস্থায় চাকুরীর অভিজ্ঞতার সনদসহ উক্ত সংস্থার ছাড়পত্র (Clearance) কর্মীর ব্যক্তিগত নথিতে সংরক্ষিত থাকতে হবে। প্রসঙ্গত: উল্লেখ্য যে অন্য সংস্থায় চাকুরীর অভিজ্ঞতা বিবেচনা করা বা না করার ক্ষেত্রে সংস্থার ব্যবস্থাপনা কর্তৃপক্ষ চূড়ান্ত সিদ্ধান্ত নেয়ার ক্ষমতা সংরক্ষণ করবে।

গ.৩.৫ আর্থিক অনিয়ম/অফিস শৃংখলা ভঙ্গ/আচরণগত সমস্যা বিষয়ক কোন অভিযোগ নাই এমন কর্মী। বিশেষ করে নিজে সরাসরি আর্থিক অনিয়মের সাথে সম্পৃক্ত নন এমন কর্মী হতে হবে।

গ.৩.৬ অভিযোগ চলমান অবস্থায় কোন কর্মীকে পদোন্নতি পরীক্ষায় ডাকা যেতে পারে, এক্ষেত্রে পরীক্ষায় উত্তীর্ণ হলেও অভিযোগের ভিত্তিতে বরখাস্ত/ বাধ্যতামূলক অব্যাহতি/ শাস্তিমূলক বদলী প্রযোজ্যদের বেলায় পদোন্নতি কার্যকর করা হবে না মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। তবে শাস্তিমূলক বদলীর মেয়াদ (ন্যূনতম এক বছর) পার হবার পরও যদি কোন কর্মীর পদোন্নতি প্যানেল চলমান থাকে সেক্ষেত্রে তার শাস্তিমূলক বদলীর অন্যান্য শর্ত / শর্তাবলী (যদি থাকে) পরিপূরণ সাপেক্ষে তার পদোন্নতির বিষয়টি বিবেচনা করা হতে পারে।

গ.৪ জোনাল ম্যানেজার পদে পদোন্নতি পরীক্ষার জন্য প্রার্থী বাছাইয়ের প্রাথমিক মাপকাঠি

গ.৪.১ প্রধান কার্যালয় থেকে অনুমোদনপ্রাপ্ত সকল **জোনাল ম্যানেজার ইনচার্জ** গণ (ইনচার্জ হিসবে কর্মকাল যা'ই হোক না কেন) পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

গ.৪.২ শিক্ষাগত যোগ্যতা **ন্যূনতম স্নাতক বা এর সমমান** পাশ হতে হবে।